রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, নভেম্বর ৮, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**হজ অনুবিভাগ**

নং- **১৬.০০.০০০০.০০৩.৪০.০০২.২২-১৬৮৮** তারিখ : ১৭ কার্তিক ১৪৩০ / ০২ নভেম্বর ২০২৩

**১৪৪৫ হিজরি/২০২৪ খ্রিষ্টাব্দ এর হজ প্যাকেজ**

১৪৪৫ হিজরি সনের ৯ জিলহজ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে ২০২৪ খ্রিষ্টাব্দের ১৬ জুন) সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। সরকারি মাধ্যম এবং হজ এজেন্সির মাধ্যমে হজে গমন করা যাবে। হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটির অনুমোদনক্রমে সরকারি মাধ্যমের হজযাত্রীদের জন্য হজ প্যাকেজ ২০২৪ ঘোষণা করা হ'ল।

**১। সরকারি মাধ্যমের "সাধারণ হজ প্যাকেজ ২০২৪"**

| ক্র.নং | সৌদি আরব পর্বের ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১ | **মক্কা ও মদিনায় বাড়ি/হোটেল ভাড়া (অতিরিক্ত ১%+১৭.৫০% ভ্যাট):**<br>(ক) মক্কা ৪০০০+(১%) ৪০ = ৪০৪০+ভ্যাট ৭০৭ = ৪৭৪৭.০০ সৌ.রি.<br>(খ) মদিনা ৮০০+(১%) ৮ = ৮০৮+ভ্যাট ১৪১.৪ = ৯৪৯.৪০ সৌ.রি. | ১৬৯৪১০.৯৪ |
| ২ | **পরিবহন ব্যয়:** জেদ্দা-মক্কা-মদিনা ও আল-মাশায়ের (মক্কা-মিনা-আরাফাহ-মুজদালিফা) প্রদেয় ব্যয় (১৫% ভ্যাটসহ) ১২৩৮.৫৫ সৌ.রি. | ৩৬৮৩৪.৪৮ |
| ৩ | জমজম পানি (১৫% ভ্যাটসহ): ১৫.০০ সৌ.রি. | ৪৪৬.১০ |
| ৪ | (ক) **সার্ভিস চার্জ** (১৫% ভ্যাটসহ): পবিত্র হজের ৫ দিন মিনা, আরাফাহ ও মুজদালিফায় মোয়াল্লেম কর্তৃক প্রদত্ত সেবা (তাঁবুতে আবাসন, খাবার ইত্যাদি) বাবদ সার্ভিস চার্জ **(মিনার তাঁবুর 'ডি' ক্যাটাগরি অনুসারে)** ২০৯৩.৮৫ সৌ.রি. | ৬২২৭১.১০ |


**মূল্য :** টাকা ১৬.০০

| ক্র.নং | সৌদি আরব পর্বের ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| | (খ) অন্যান্য চার্জ:<br>(i) ভিসা ফি : ৩০০ সৌ.রি.<br>(ii) স্বাস্থ্য বীমা বাবদ সৌদি সরকারকে প্রদেয় ফি: ২৮.৭৫ সৌ.রি.<br>(iii) ইলেক্ট্রনিক্স সার্ভিস ফি: ৫৯.৮০ সৌ.রি.<br>(iv) গ্রাউন্ড সার্ভিস ফি: ৯৮৩.২৫ সৌ.রি.<br>(v) ক্যাম্প ফি: ৭৮৪.০০ সৌ.রি. | ৬৪১১৩.৪৯ |
| ৫ | জেদ্দা/মদিনা বিমানবন্দর হতে মক্কা/মদিনা হোটেলে লাগেজ পরিবহন (মক্কা রোড সার্ভিস) ব্যয় (১৫%ভ্যাটসহ): ২০.৭০ সৌ.রি. | ৬১৫.৬২ |
| ৬ | হজ শেষে দেশে প্রত্যাবর্তনকালে মক্কা/মদিনা হোটেল থেকে জেদ্দা/ মদিনা বিমান বন্দর পর্যন্ত পরিবহন ব্যয় (১৫% ভ্যাটসহ) ৩০.০০ সৌ.রি.: | ৮৯২.২০ |
| | **সৌদি আরব পর্বের ব্যয়ের উপমোট** | ৩৩৪৫৮৩.৯৩ |
| | **বাংলাদেশ পর্বের ব্যয়ের খাতসমূহ:** | |
| ১ | **বিমান ভাড়া:** বাংলাদেশ-সৌদি আরব-বাংলাদেশ (Dedicated Hajj Flight)<br>(i) মূল ভাড়া ১,৭৯,৭৩৯.০০ টাকা<br>(ii) এজেন্ট কমিশন ২,৮৭৫.০০ টাকা<br>(iii) ট্যাক্স ১২,১৮৬.০০ টাকা | ১৯৪৮০০.০০ |
| ২ | **অন্যান্য খরচ :** আইডি কার্ড, ল্যাগেজ ট্যাগ ও আইটি সার্ভিস ইত্যাদি | ৮০০.০০ |
| ৩ | হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড): | ২০০.০০ |
| ৪ | প্রশিক্ষণ ফি | ৪০০.০০ |
| ৫ | খাওয়া খরচ | ৩৫০০০.০০ |
| ৬ | হজ গাইড | ১৩,০৫৩.৭৩ |
| | **বাংলাদেশ পর্বের ব্যয়ের উপমোট** | ২৪৪০৫৯.৭৩ |
| | **বাংলাদেশ ও সৌদি পর্বের সর্বমোট ব্যয়** | ৫৭৮৮৩৭.৬৬ বা<br>৫,৭৮,৮৪০.০০ |

**বিশেষ দ্রষ্টব্য:**

(i) প্যাকেজ ঘোষণার পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক কোন খাতে খরচ বৃদ্ধি করা হলে তা প্যাকেজ মূল্য হিসেবে গণ্য হবে এবং হজযাত্রীকে পরিশোধ করতে হবে।

(ii) খাবার বাবদ গৃহীত ৩৫,০০০.০০ টাকা হজে গমনকালে হজযাত্রীকে হজ অফিস, আশকোনা, ঢাকা হতে ফেরত দেয়া হবে।

(iii) সৌদি আরবে হজযাত্রীকে নিজ দায়িত্বে খাবার গ্রহণ করতে হবে।

২। **সাধারণ প্যাকেজ আপগ্রেডেশন:**

(i) সরকারি মাধ্যমের সাধারণ হজ প্যাকেজ ২০২৪ এ মক্কা ও মদিনায় বাড়ি/হোটেলে প্রতিরুমে সর্বোচ্চ ৬ সিট থাকবে। তবে মক্কায় ২ ও ৩ সিটের রুম সুবিধা গ্রহণ করা যাবে। মদিনার হোটেলে ২ ও ৩ সিটের রুম থাকবে না।

(ii) সাধারণ প্যাকেজের হজযাত্রীদের জন্য মিনায় 'ডি' ক্যাটাগরীর তাঁবু গ্রহণ করা হবে। 'ডি' ক্যাটাগরীর তাঁবুর হজযাত্রীগণ মিনা-আরাফাহ-মুযদালিফায় বাসে যাতায়াত করবেন। বাসে যাতায়াতের ক্ষেত্রে প্রতি ১০০ জন হজযাত্রীর জন্য ৫০ সিটের একটি বাস অর্থাৎ একটি বাস ২ ট্রিপে ১০০ জন হজযাত্রী পরিবহন করবে। এক্ষেত্রে বাসের পরিবর্তে ২৮৭.৫০ সৌ.রি. সমপরিমাণ ৮৫৫০ (আট হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা নিবন্ধনকালে অতিরিক্ত প্রদানের মাধ্যমে ট্রেন সুবিধা গ্রহণ করা যাবে।

**সরকারি মাধ্যমের সাধারণ প্যাকেজের হজযাত্রীদের নিবন্ধনকালীন পরিশোধযোগ্য অর্থের পরিমাণ**

| ক্রম | প্যাকেজের ধরন | প্যাকেজ মূল্য জনপ্রতি | প্রাক নিবন্ধন অগ্রিম সমন্বয় | নিবন্ধনকালীন প্রদেয় অর্থ |
|---|---|---|---|---|
| ১ | সাধারণ প্যাকেজ | ৫,৭৮,৮৪০.০০ | ২৯,০০০.০০ | ৫৪৯,৮৪০.০০ |
| ২ | সাধারণ প্যাকেজ (ট্রেনসহ) | ৫৮৭,৩৯০.০০ | ২৯,০০০.০০ | ৫৫৮,৩৯০.০০ |
| ৩ | সাধারণ প্যাকেজ (২ সিটের রুম) | ৮,৬১,১৯২.০০ | ২৯,০০০.০০ | ৮,৩২,১৯২.০০ |
| ৪ | সাধারণ প্যাকেজ (ট্রেনসহ ২ সিটের রুম) | ৮,৬৯,৭৪২.০০ | ২৯,০০০.০০ | ৮,৪০,৭৪২.০০ |
| ৫ | সাধারণ প্যাকেজ (৩ সিটের রুম) | ৭২০০১৬.০০ | ২৯,০০০.০০ | ৬,৯১,০১৬.০০ |
| ৬ | সাধারণ প্যাকেজ (ট্রেনসহ ৩ সিটের রুম) | ৭,২৮,৫৬৬.০০ | ২৯,০০০.০০ | ৬,৯৯,৫৬৬.০০ |

৩। **সরকারি মাধ্যমের সাধারণ প্যাকেজের হজযাত্রীদের প্রাপ্য সুযোগ-সুবিধা ও করণীয়সমূহ:**

**(ক) সুযোগ-সুবিধা:**

(১) হজ ভিসা এবং সৌদি আরবে যাওয়া-আসার বিমান টিকেট সরবরাহ (২) মক্কা-আল-মোকাররমায় পবিত্র মসজিদুল হারাম চত্বরের বহিঃপ্রান্ত হতে সর্বোচ্চ **২০০০ মিটার/আজিজিয়া এলাকায়** এবং মদিনা আল মনোয়ারায় পবিত্র মসজিদে নববী থেকে সর্বোচ্চ **১৫০০** মিটারের মধ্যে (মারকাজিয়া এলাকার বাহিরে) আবাসন (৩) শীতাতপ নিয়ন্ত্রিত হোটেল/বাড়ি (৪) প্রতি রুমে সর্বোচ্চ ৬ জনের আবাসন (৫) মিনার তাঁবুতে ম্যাট্রেস, চাদর, কম্বল ও বালিশ এর ব্যবস্থা (৬) আরাফায় শীতাতপ নিয়ন্ত্রিত তাঁবুর ব্যবস্থা (৭) মিনা এবং আরাফায় মোয়াল্লেম কর্তৃক খাবার পরিবেশন (৮) মিনা-আরাফা-মুজদালিফা যাতায়াতের জন্য ট্রেন/বাস (৯) মক্কা, মদিনা, মিনা ও

জেদ্দায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বিনামূল্যে ঔষধ ও প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান (১০) হজে গমনের পূর্বে হজ ক্যাম্প ঢাকার ডরমিটরিতে বিনামূল্যে থাকার ব্যবস্থা (১১) হজক্যাম্প ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবার ব্যবস্থা (১২) হজযাত্রী ও গাইডদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান (১৩) হজ ও ওমরাহ নির্দেশিকা, আইডি কার্ড, লাগেজ ট্যাগ সরবরাহ (১৪) দেশে ফেরার পর বিমানবন্দর থেকে হজযাত্রীকে ৫ লিটারের ১ বোতল জমজম পানি সরবরাহ। (১৪) কম-বেশী ৪৪ জন হজযাত্রীর জন্য ১ জন গাইড থাকবে।

**বি:দ্র:** আজিজিয়া এলাকার বাড়ি/হোটেলে আবাসনের ব্যবস্থা গ্রহণ করা হলে হজযাত্রীদের হারাম শরীফে প্রতিদিন দুই বেলা (সকাল ও সন্ধ্যা) বাসযোগে যাতায়াতের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(খ) করণীয়সমূহ:**

(১) হজযাত্রীকে কুরবানি (দম-এ শুকুর) বাবদ আনুমানিক ৭৫০ (সাতশত পঞ্চাশ) সৌদি রিয়াল সঙ্গে নিতে হবে এবং কুরবানি (দম-এ শুকুর) নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে। সৌদি সরকার কর্তৃক ঘোষিত নির্দিষ্ট ব্যাংকে অর্থ প্রদান করা যাবে (২) সৌদি আরবে সর্বনিম্ন ৩০ দিন সর্বোচ্চ ৪৮ দিন অবস্থান (৩) মদিনায় ৮ দিন অবস্থান (৪) মুজদালিফায় নিজ ব্যবস্থাপনায় অবস্থান (৫) নিয়মিত সেবন করতে হয় এরূপ ঔষধ ও চিকিৎসা সামগ্রী (ব্লাড সুগার টেস্টের স্ট্রিপ, নিডিল, ইনসুলিন, ডায়াবেটিক ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের ঔষধ) চিকিৎসকের ব্যবস্থাপত্রসহ কমপক্ষে ৫০ দিনের সঙ্গে নিতে হবে (৬) হজ ক্যাম্প ঢাকায় ফ্লাইটের বোর্ডিং পাস ইস্যু, সিকিউরিটি চেক-ইন এবং বাংলাদেশ অংশের ইমিগ্রেশন (৭) হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় মক্কা রোড সার্ভিস এর অধীনে হজযাত্রীদের সৌদি আরবের প্রি-এরাইভ্যাল ইমিগ্রেশন (৮) সৌদি আরবে হুইল চেয়ার ব্যবহারের প্রয়োজন হলে নিজ উদ্যোগে সংগ্রহ ও ব্যবহার (৯) মক্কা ও মদিনার হোটেলে খাবার পানি নিজ দায়িত্বে ব্যবস্থাকরণ (১০) নিবন্ধনের পূর্বে নিবন্ধন ভাউচারের অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলীতে সম্মত হলে নিবন্ধনের অর্থ জমা প্রদান করবেন।

৪। **সরকারি মাধ্যমের “বিশেষ হজ প্যাকেজ ২০২৪”**

| ক্র.নং | সৌদি আরব পর্বের ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১ | **মক্কা ও মদিনায় বাড়ি/হোটেল ভাড়া (অতিরিক্ত ১%+১৭.৫০% ভ্যাট):**<br>(ক) মক্কা ৭২০০+(১%) ৭২=৭২৭২+ভ্যাট ১২৭২.৬০= ৮৫৪৪.৬০ সৌ.রি.<br>(খ) মদিনা ২০০০+(১%)২০=২০২০+ভ্যাট ৩৫৩.৫০= ২৩৭৩.৫০ সৌ.রি. | ৩২৪৭০৪.২৯ |
| ২ | **পরিবহন ব্যয়:** জেদ্দা-মক্কা-মদিনা ও আল-মাশায়ের (মক্কা-মিনা-আরাফাহ-মুজদালিফা) প্রদেয় (১৫% ভ্যাটসহ): ১২৩৮.৫৫ সৌ.রি. | ৩৬৮৩৪.৪৮ |
| ৩ | জমজম পানি (১৫% ভ্যাটসহ): ১৫.০০ সৌ.রি. | ৪৪৬.১০ |
| ৪ | **(ক) সার্ভিস চার্জ** (১৫% ভ্যাটসহ) : পবিত্র হজের ৫ দিন মিনা, আরাফাহ ও মুজদালিফায় মোয়াল্লেম কর্তৃক প্রদত্ত সেবা (তাঁবুতে আবাসন, বুফে খাবার ইত্যাদি) বাবদ সার্ভিস চার্জ **(মিনার তাঁবুর ‘এ’ ক্যাটাগরি অনুসারে)**। ৭৯৫০.৫৫ সৌ.রি. | ২৩৬৪৪৯.৩৬ |

| ক্র.নং | সৌদি আরব পর্বের ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| | **(খ) অন্যান্য চার্জ:**<br>(i) ভিসা ফি : ৩০০ সৌ.রি.<br>(ii) স্বাস্থ্য বীমা বাবদ সৌদি সরকারকে প্রদেয় ফি: ২৮.৭৫ সৌ.রি.<br>(iii) ইলেক্ট্রনিক্স সার্ভিস ফি: ৫৯.৮০ সৌ.রি.<br>(iv) গ্রাউন্ড সার্ভিস ফি: ৯৮৩.২৫ সৌ.রি.<br>(v) ক্যাম্প ফি: ৭৮৪.০০ সৌ.রি. | ৬৪১১৩.৪৯ |
| ৫ | জেদ্দা/মদিনা বিমানবন্দর হতে মক্কা/মদিনা হোটেলে লাগেজ পরিবহন (মক্কা রোড সার্ভিস) ব্যয় (১৫%ভ্যাটসহ): ২০.৭০ সৌ.রি. | ৬১৫.৬২ |
| ৬ | হজ শেষে দেশে প্রত্যাবর্তনকালে মক্কা/মদিনা হোটেল থেকে জেদ্দা/মদিনা বিমান বন্দর পর্যন্ত পরিবহন ব্যয় (১৫% ভ্যাটসহ) ৩০.০০ সৌ.রি. | ৮৯২.২০ |
| ৭ | ১৫% ভ্যাটসহ বাস ভাড়া (মিনা-আরাফাহ-মুজদালিফা-মিনায় যাতায়াতে হাজী প্রতি বাসে ১সিট নিশ্চিতকরণের জন্য অতিরিক্ত বাস ভাড়া): ৬৮১.০০ সৌ.রি. | ২০২৫২.৯৪ |
| | **সৌদি আরব পর্বের ব্যয়ের উপমোট** | ৬৮৪৩০৮.৪৮ |
| | **বাংলাদেশ পর্বের ব্যয়ের খাতসমূহ:** | |
| ১ | **বিমান ভাড়া:** বাংলাদেশ-সৌদি আরব-বাংলাদেশ (Dedicated Hajj Flight)<br>(i) মূল ভাড়া ১,৭৯,৭৩৯.০০ টাকা<br>(ii) এজেন্ট কমিশন ২,৮৭৫.০০ টাকা<br>(iii) ট্যাক্স ১২,১৮৬.০০ টাকা | **১৯৪৮০০.০০** |
| ২ | **অন্যান্য খরচ :** আইডি কার্ড, ল্যাগেজ ট্যাগ ও আইটি সার্ভিস ইত্যাদি | ৮০০.০০ |
| ৩ | হজযাত্রী কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড): | ২০০.০০ |
| ৪ | প্রশিক্ষণ ফি | ৪০০.০০ |
| ৫ | খাওয়া খরচ | ৩৫০০০.০০ |
| ৬ | হজ গাইড | ২০৮০৭.০১১ |
| | বাংলাদেশ পর্বের ব্যয়ের উপমোট | ২৫২০০৭.০১ |
| | **বাংলাদেশ ও সৌদি পর্বের সর্বমোট ব্যয়** | ৯৩৬৩১৫.৪৯ বা<br>**৯,৩৬,৩২০.০০** |

**বিশেষ দ্রষ্টব্য:**

(i) প্যাকেজ ঘোষণার পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক কোন খাতে খরচ বৃদ্ধি করা হলে তা প্যাকেজ মূল্য হিসেবে গণ্য হবে এবং হজযাত্রীকে পরিশোধ করতে হবে।

(ii) খাবার বাবদ গৃহীত ৩৫,০০০.০০ টাকা হজে গমনকালে হজযাত্রীকে হজ অফিস, আশকোনা, ঢাকা হতে ফেরত দেয়া হবে।

(iii) সৌদি আরবে হজযাত্রীকে নিজ দায়িত্বে খাবার গ্রহণ করতে হবে।

(iv) মিনায় “এ” ক্যাটাগরির তাঁবু ট্রেন জোনের বাহিরে বিধায় বিশেষ প্যাকেজের হজযাত্রীদের জন্য মিনা-আরাফাহ-মুযদালিফা-মিনায় যাতায়াতের জন্য ট্রেনের পরিবর্তে বাসের ব্যবস্থা থাকবে।

০৫। **বিশেষ প্যাকেজে মক্কায় রুম আপগ্রেডেশন:**

সরকারি মাধ্যমের বিশেষ হজ প্যাকেজ ২০২৪ এ মক্কা ও মদিনার হোটেলের প্রতিরুমে সর্বোচ্চ ৪ সিট থাকবে। তবে মক্কার হোটেলে ২ ও ৩ সিটের রুম সুবিধা গ্রহণ করা যাবে। মদিনার হোটেলে সকল রুম ৪ সিটের হবে।

| সরকারি মাধ্যমের বিশেষ প্যাকেজের হজযাত্রীদের নিবন্ধনকালীন পরিশোধযোগ্য অর্থের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|
| **ক্রম** | **প্যাকেজের ধরন** | **প্যাকেজ মূল্য জনপ্রতি** | **প্রাক নিবন্ধন অগ্রিম সমন্বয়** | **নিবন্ধনকালীন প্রদেয় অর্থ** |
| ১ | বিশেষ প্যাকেজ | ৯,৩৬,৩২০.০০ | ২৯,০০০.০০ | ৯,০৭,৩২০.০০ |
| ২ | বিশেষ প্যাকেজ (২ সিটের রুম) | ১১,৯০,৪৩৬.০০ | ২৯,০০০.০০ | ১১,৬১,৪৩৬.০০ |
| ৩ | বিশেষ প্যাকেজ (৩ সিটের রুম) | ১০২১০২৫.০০ | ২৯,০০০.০০ | ৯,৯২,০২৫.০০ |

৬। **সরকারি মাধ্যমের বিশেষ প্যাকেজ এর হজযাত্রীদের প্রাপ্য সুযোগ-সুবিধা ও করণীয়সমূহ:**

**(ক) সুযোগ-সুবিধা:**

(১) হজ ভিসা এবং সৌদি আরবে যাওয়া-আসার বিমান টিকেট সরবরাহ (২)মক্কা-আল-মোকাররমায় পবিত্র মসজিদুল হারাম চত্বরের বহিঃপ্রান্ত হতে সর্বোচ্চ ৭০০ মিটার এবং মদিনা আল মনোয়ারায় মারকাজিয়া এলাকায় আবাসন (৩) শীতাতপ নিয়ন্ত্রিত হোটেল (৪) প্রতি রুমে সর্বোচ্চ ৪ জনের আবাসন (সংযুক্ত বাথরুমসহ) (৫) হোটেল কক্ষে/ফ্লোরে রেফ্রিজারেটর এর ব্যবস্থা (৬) মিনায় “এ” ক্যাটাগরির তাঁবুর ব্যবস্থা (৭) মিনা এবং আরাফায় মোয়াল্লেম কর্তৃক উন্নতমানের বুফে খাবার পরিবেশন (৮) মিনা ও আরাফায় শীতাতপ নিয়ন্ত্রিত তাঁবুর ব্যবস্থা (৯) মিনা-আরাফা-মুজদালিফা-মিনা যাতায়াতে বাস সুবিধা (১০) মক্কা, মদিনা, মিনা ও জেদ্দায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বিনামূল্যে ঔষধ ও প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান (১১) হজে গমনের পূর্বে হজ ক্যাম্প ঢাকার ডরমিটরিতে বিনামূল্যে থাকার ব্যবস্থা (১২) হজক্যাম্প ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবার ব্যবস্থা (১৩) হজযাত্রী ও গাইডদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান (১৪) হজ ও ওমরাহ নির্দেশিকা, আইডি কার্ড, লাগেজ ট্যাগ সরবরাহ (১৫) দেশে ফেরার পর বিমানবন্দর থেকে হজযাত্রীকে ৫ লিটারের ১ বোতল জমজম পানি সরবরাহ করা হবে। (১৬) কম-বেশি ৪৪ জন হজযাত্রীর জন্য ১ জন গাইড থাকবে।

**(খ) করণীয়সমূহ:**

(১) কুরবানি (দম-এ শুকুর) বাবদ আনুমানিক ৭৫০ (সাতশত পঞ্চাশ) সৌদি রিয়াল সঙ্গে নিতে হবে এবং হজযাত্রীকে নিজ দায়িত্বে কুরবানি (দম-এ শুকুর) সম্পন্ন করতে হবে। সৌদি সরকার কর্তৃক ঘোষিত নির্দিষ্ট ব্যাংকে অর্থ জমা প্রদান করা যাবে (২) সৌদি আরবে সর্বনিম্ন ৩০ দিন সর্বোচ্চ ৪৮ দিন অবস্থান (৩) মদিনায় ৮ দিন অবস্থান (৪) মুজদালিফায় নিজ ব্যবস্থাপনায় অবস্থান (৫) নিয়মিত সেবন করতে হয় এরূপ ঔষধ ও চিকিৎসা সামগ্রী (ব্লাড সুগার টেস্টের স্ট্রিপ, নিডিল, ইনসুলিন, ডায়াবেটিক ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের ঔষধ) চিকিৎসকের ব্যবস্থাপত্রসহ কমপক্ষে ৫০ দিনের সঙ্গে নিতে হবে (৬) হজ ক্যাম্প ঢাকায় ফ্লাইটের বোর্ডিং পাস ইস্যু, সিকিউরিটি চেক-ইন এবং বাংলাদেশ অংশের ইমিগ্রেশন (৭) হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় মক্কা রোড সার্ভিস এর অধীনে হজযাত্রীদের সৌদি আরবের প্রি-এরাইভ্যাল ইমিগ্রেশন (৮) সৌদি আরবে হুইল চেয়ার ব্যবহারের প্রয়োজন হলে নিজ উদ্যোগে সংগ্রহ ও ব্যবহার করতে হবে (৯) নিবন্ধনের পূর্বে নিবন্ধন ভাউচারের অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলিতে সম্মত হলে নিবন্ধনের অর্থ জমা প্রদান করবেন।

| | |
|---|---|
| নোট: | (১) প্যাকেজ ঘোষণার দিন সৌদি ১ রিয়াল= ২৯.৭৪ টাকা<br>(২) প্রযোজ্যক্ষেত্রে ১৫% থেকে ১৭.৫০% ভ্যাট অন্তর্ভুক্ত |

৭। **সরকারি মাধ্যমের সাধারণ ও বিশেষ প্যাকেজের হজযাত্রীদের নিবন্ধন পদ্ধতি:**

(১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে প্যাকেজ মূল্য পরিশোধ করে নিবন্ধন সম্পন্ন করতে হবে (২) হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ অনুযায়ী সরকারি মাধ্যমে ২০২৪ খ্রি. (১৪৪৫ হিজরি) হজের নিবন্ধনের জন্য প্রাক-নিবন্ধনকালে জমাকৃত ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকার মধ্যে প্রাক-নিবন্ধন প্রসেস ফি বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকা কর্তনের পর অবশিষ্ট ২৯,০০০.০০ (উনত্রিশ হাজার) টাকা নিবন্ধনের সময় প্যাকেজ মূল্যের সাথে সমন্বয় করা হবে। (৩) নিবন্ধনের অর্থ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় জমা দেয়া যাবে। (৪) নিবন্ধনের অর্থ প্রাপ্তি নিশ্চিত হওয়া সাপেক্ষে হজযাত্রীকে পিলগ্রিম আইডি (PID) প্রদান করা হবে। (৫) মহিলা হজযাত্রীর জন্য মাহারাম গ্রহণে ইচ্ছুক হলে এবং শিশুসহ হজে গমনেচ্ছু ব্যক্তিগণ নিবন্ধন ফরম (ফরম-২) পূরণ করে নিবন্ধন ভাউচার গ্রহণ করবেন (৬) নিবন্ধন ভাউচারে উল্লিখিত হজযাত্রীগণের সকলকে একই গ্রুপের সদস্য হিসেবে একসঙ্গে হজে গমন করতে হবে। (৭) ফরম-২ www.hajj.gov.bd এবং www.mora.gov.bd হতে ডাউনলোড করা যাবে। (৮) যে সকল প্রাক-নিবন্ধিত হজযাত্রী নির্ধারিত সময়ের মধ্যে প্যাকেজ মূল্যের অর্থ জমা প্রদান করবেন না, তাঁরা ২০২৪ সনের হজব্রত পালনে ইচ্ছুক নয় বলে গণ্য হবেন।

৮। **নিবন্ধন বাতিল ও অন্যান্য প্রক্রিয়া:**

| | |
|---|---|
| ৮.১ | সরকারি মাধ্যমে ২০২৪ সনে হজে গমনের জন্য প্যাকেজ মূল্য পরিশোধের পর হজে যেতে ইচ্ছুক না হলে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিখিত আবেদন করবেন, এক্ষেত্রে ইতোমধ্যে ব্যয়িত অর্থ কর্তন করা হবে। |
| ৮.২ | **(১) পাসপোর্ট :** হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ ৩০ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত থাকতে হবে।<br>(২) হজযাত্রী বায়োমেট্রিক সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে হজ অফিস, ঢাকায় বায়োমেট্রিক সনদসহ পাসপোর্ট জমা প্রদান করবেন। অন্যথায় তাঁর ভিসা বা টিকিট সংক্রান্ত দায়-দায়িত্ব কর্তৃপক্ষ গ্রহণ করবে না। |

| | |
|---|---|
| ৮.৩ | **হজ ফ্লাইট:** হজযাত্রী হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা থেকে জেদ্দা/মদিনা গমনাগমন করবেন। |
| ৮.৪ | **মক্কা ও মদিনার আবাসন:** মক্কা ও মদিনায় ভাড়া করা বাড়ি/হোটেলের নাম দিয়ে সৌদি ই-হজ সিস্টেমে ভিসা লজমেন্ট করতে হয় বিধায় বরাদ্দকৃত বাড়ি/হোটেল পরিবর্তন করার কোনো সুযোগ নেই। |
| ৮.৫ | মিনার তাঁবুতে প্রত্যেক হাজীর জন্য সৌদি সরকার কর্তৃক নির্দিষ্ট পরিমাণ স্থান বরাদ্দ থাকবে। মিনা ও আরাফায় প্রদত্ত সুযোগ-সুবিধা প্যাকেজ ভিত্তিক হবে। |
| ৮.৬ | (ক) **লাগেজ: (১)** ট্রলিব্যাগ দৈর্ঘ্য ৬৫ সেমি, প্রস্থ ৪৫ সেমি এবং উচ্চতা ২৫ সেমি, (২) হাত ব্যাগ দৈর্ঘ্য ৪৫ সেমি, প্রস্থ ৩৫ সেমি এবং উচ্চতা ২০ সেমি। ট্রলিব্যাগে হজযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর, বাংলাদেশের মোবাইল নম্বর (whatsapp) এবং মোয়াল্লেম নম্বর ইংরেজিতে লিখতে হবে। অন্যথায় লাগেজ হারানো গেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।<br>(খ) **কুরবানি:** প্রত্যেক হজযাত্রীকে কুরবানি বাবদ আনুমানিক ৭৫০.০০ সৌদি রিয়াল সঙ্গে নিতে হবে।<br>(গ) **খাবার:** সৌদি আরবে হজযাত্রীকে নিজ দায়িত্বে খাবার গ্রহণ করতে হবে। |

০৯। **বেসরকারি এজেন্সির হজ প্যাকেজ ২০২৪**

(১) সরকারি মাধ্যমের সাধারণ প্যাকেজ মূল্যের সাথে সামঞ্জস্য রেখে হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) বেসরকারি মাধ্যমের হজযাত্রীদের জন্য **"সাধারণ হজ প্যাকেজ-২০২৪"** ঘোষণা করবে এবং হজযাত্রীদের জন্য সরকারি মাধ্যমের সাধারণ হজ প্যাকেজের অনুরূপ সুযোগ-সুবিধা নিশ্চিত করবে।

(২) মিনায় উন্নতমানের তাঁবু এবং মক্কা ও মদিনায় ভাড়াকৃত বাড়ির মান ও হারাম শরীফ হতে দূরত্ব বিবেচনাপূর্বক হজ এজেন্সিসমূহ আপগ্রেডেড প্যাকেজ ঘোষণা করতে পারবে।

(৩) ঘোষিত প্যাকেজে হজযাত্রীদের প্রাপ্য সুযোগ-সুবিধা উল্লেখপূর্বক তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(৪) ঘোষিত প্যাকেজের সুযোগ-সুবিধা উল্লেখপূর্বক হজযাত্রীদের সাথে হজ এজেন্সি লিখিত চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের ৭ দিনের মধ্যে চুক্তির কপি পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকায় আবশ্যিকভাবে জমা দিতে হবে।

(৫) হজ এজেন্সি কর্তৃক সাধারণ হজ প্যাকেজসহ প্রতিটি হজ প্যাকেজের কপি আবশ্যিকভাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকায় দাখিল করতে হবে।

(৬) প্যাকেজ ঘোষণার ৩ দিনের মধ্যে এজেন্সির নিজস্ব ওয়েবসাইট এবং ই-হজ সিস্টেমে প্যাকেজ আপলোড করতে হবে।

**১০। বেসরকারি এজেন্সির মাধ্যমের সাধারণ প্যাকেজের হজযাত্রীদের প্রাপ্য সুযোগ-সুবিধা ও করণীয়সমূহ:**

**(ক) সুযোগ-সুবিধা:**

(১) হজ ভিসা এবং সৌদি আরবে যাওয়া-আসার বিমান টিকেট সরবরাহ (২) মক্কা-আল-মোকাররমায় পবিত্র মসজিদুল হারাম চত্বরের বহিঃপ্রান্ত হতে সর্বোচ্চ ২০০০ মিটার এবং মদিনা আল মনোয়ারায় পবিত্র মসজিদে নববী থেকে সর্বোচ্চ ১৫০০ মিটারের মধ্যে আবাসন (৩) শীতাতপ নিয়ন্ত্রিত হোটেল/বাড়ি (৪) প্রতি রুমে সর্বোচ্চ ৬ জনের আবাসন (৫) মিনার তাঁবুতে ম্যাট্রেস, চাদর, কম্বল ও বালিশ এর ব্যবস্থা (৬) আরাফায় শীতাতপ নিয়ন্ত্রিত তাঁবুর ব্যবস্থা (৭) মিনা এবং আরাফায় মোয়াল্লেম কর্তৃক খাবার পরিবেশন (৮) মক্কা-মিনা-আরাফা-মুজদালিফা যাতায়াতের জন্য বাসের ব্যবস্থা (৯) মক্কা, মদিনা, মিনা ও জেদ্দায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বিনামূল্যে ঔষধ ও প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান (১০) হজে গমনের পূর্বে হজ ক্যাম্প ঢাকার ডরমিটরিতে বিনামূল্যে থাকার ব্যবস্থা (১১) হজক্যাম্প ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবার ব্যবস্থা (১২) হজযাত্রী ও গাইডদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান (১৩) হজ ও ওমরাহ নির্দেশিকা, আইডি কার্ড, লাগেজ ট্যাগ সরবরাহ (১৪) দেশে ফেরার পর বিমানবন্দর থেকে হজযাত্রীকে ৫ লিটারের ১ বোতল জমজম পানি সরবরাহ। (১৫) কম-বেশি ৪৪ জন হজযাত্রীর জন্য ১ জন গাইড থাকবে।

**(খ) করণীয়সমূহ:**

(১) হজযাত্রীকে কুরবানি (দম-এ শুকুর) বাবদ আনুমানিক ৭৫০ (সাতশত পঞ্চাশ) সৌদি রিয়াল সঙ্গে নিতে হবে এবং কুরবানি (দম-এ শুকুর) নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে। সৌদি সরকার কর্তৃক ঘোষিত নির্দিষ্ট ব্যাংকে অর্থ জমা প্রদান করা যাবে (২) সৌদি আরবে সর্বনিম্ন ৩০ দিন সর্বোচ্চ ৪৮ দিন অবস্থান (৩) মদিনায় ৮ দিন অবস্থান (৪) মুজদালিফায় নিজ ব্যবস্থাপনায় অবস্থান (৫) নিয়মিত সেবন করতে হয় এরূপ ঔষধ ও চিকিৎসা সামগ্রী (ব্লাড সুগার টেস্টের স্ট্রিপ, নিডিল, ইনসুলিন, ডায়াবেটিক ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের ঔষধ) চিকিৎসকের ব্যবস্থাপত্রসহ কমপক্ষে ৫০ দিনের সঙ্গে নিতে হবে (৬) হজ ক্যাম্প ঢাকায় ফ্লাইটের বোর্ডিং পাস ইস্যু, সিকিউরিটি চেক-ইন এবং বাংলাদেশ অংশের ইমিগ্রেশন (৭) হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় মক্কা রোড সার্ভিস এর অধীনে হজযাত্রীদের সৌদি আরবের প্রি-এরাইভ্যাল ইমিগ্রেশন (৮) সৌদি আরবে হুইল চেয়ার ব্যবহারের প্রয়োজন হলে নিজ উদ্যোগে সংগ্রহ ও ব্যবহার করতে হবে (৯) হজক্যাম্প ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবার ব্যবস্থা (১০) নিবন্ধনের পূর্বে নিবন্ধন ভাউচারের অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলিতে সম্মত হলে নিবন্ধনের অর্থ জমা প্রদান করবেন।

**১১। বেসরকারি মাধ্যমের হজযাত্রী নিবন্ধন:**

(১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ও হজ কার্যক্রমে যোগ্য ঘোষিত এজেন্সি বেসরকারি মাধ্যমে ২০২৪ সনের হজে হজযাত্রী নিবন্ধন করতে পারবে। এজেন্সি মক্কা ও মদিনায় উন্নতমানের হোটেল এবং মিনায় উন্নত ক্যাটাগরির তাঁবু গ্রহণের ভিত্তিতে আপগ্রেডেড প্যাকেজ ঘোষণা করতে পারবে। প্যাকেজ ঘোষণা ব্যতীত কোন হজযাত্রী নিবন্ধন করা যাবে না। ঘোষিত প্যাকেজের কপি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ এবং ই-হজ সিস্টেমে আপলোড করতে হবে।

(২) প্রাক-নিবন্ধনের সময় জমাকৃত ৩০,৭৫২.০০ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা হতে জমজম পানি বাবদ ১৫.০০ সৌ.রি. এবং মক্কায় ১% অতিরিক্ত বাড়ি ভাড়া বাবদ (৪০ সৌ.রি.+১৭.৫০% ভ্যাট ৭.০০) ৪৭.০০ সৌ.রি. মোট ৬২.০০ সৌ.রি. সমপরিমাণ ১৮৪৩.৮৮ টাকা, স্থানীয় সার্ভিস চার্জ বাবদ ৮০০.০০ টাকা, প্রাক-নিবন্ধন ফি ১০০০.০০ টাকা হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) বাবদ ২০০.০০ টাকা, প্রশিক্ষণ ফি বাবদ ৪০০.০০ টাকা সর্বমোট (১৮৪৩.৮৮+৮০০.০০+ ১০০০.০০+২০০.০০+৪০০.০০) = ৪২৪৩.৮৮ টাকা কর্তনপূর্বক অবশিষ্ট (৩০,৭৫২.০০-৪২৪৩.৮৮) = ২৬,৫০৮.১২ (ছাব্বিশ হাজার পাঁচশত আট টাকা বারো পয়সা) টাকা নিবন্ধনকারী হজ এজেন্সির হজযাত্রীর সংখ্যার বিপরীতে সৌদি আরবে বিভিন্ন সার্ভিস চার্জ পরিশোধের নিমিত্ত হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবে প্রদান করা হবে।

(৩) হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা-২০২২ অনুসারে হজ এজেন্সির সাথে হজযাত্রীর সম্পাদিত চুক্তি অনুযায়ী প্যাকেজ মূল্যের সম্পূর্ণ অর্থ নিবন্ধনকারী হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক একাউন্টে* জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করবেন। অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে হজ এজেন্সির ইউজার হজযাত্রীকে পিলগ্রিম আইডি প্রদান করবে। উল্লেখ্য এজেন্সি বিমানভাড়া বাবদ প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট এয়ারলাইন্স বরাবর পে-অর্ডারের মাধ্যমে প্রেরণ করবে। লীড এজেন্সি নির্ধারণ/জরুরি ক্ষেত্রে RTGS পদ্ধতিতে এয়ারলাইন্স বরাবরে অর্থ স্থানান্তর করা যাবে। ইহা ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে উক্ত হিসাবের অর্থ হজের পূর্বে উত্তোলন করা যাবে না।

১২। **প্রাক-নিবন্ধন বাতিল/স্থানান্তর/প্রতিস্থাপন ও অন্যান্য করণীয়:**

**প্রাক-নিবন্ধন বাতিল ও স্থানান্তর:**

(১) বেসরকারি মাধ্যমের প্রাক-নিবন্ধিত হজযাত্রীর লিখিত অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট এজেন্সি অন-লাইনে তার প্রাক-নিবন্ধন বাতিল বা স্থানান্তর করতে পারবে।

(২) প্রাক-নিবন্ধন বাতিল এবং স্বেচ্ছায় এজেন্সি পরিবর্তনের ক্ষেত্রে প্রাক-নিবন্ধনকারী এজেন্সি হজযাত্রীর নিকট হতে ২০০০.০০ (দুই হাজার) টাকা সার্ভিস চার্জ কর্তন করতে পারবে। তবে কোটাপূরণ, সমন্বয় কিংবা অভিযোগের কারণে হজযাত্রী স্থানান্তর করা হলে হজযাত্রীর নিকট থেকে কোনো সার্ভিস চার্জ আদায় করা যাবে না।

**প্রতিস্থাপন প্রক্রিয়া:**

(১) নিবন্ধিত কোনো হজযাত্রী মৃত্যুবরণ করলে সংশ্লিষ্ট এলাকার সিভিল সার্জন বা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ হজ অফিস, ঢাকায় দাখিলপূর্বক শূন্য কোটায় প্রাক-নিবন্ধিত হজ পালনে ইচ্ছুক ব্যক্তিকে প্রতিস্থাপন করা যাবে, তবে এ ক্ষেত্রে মৃত ব্যক্তির পরিবারের সদস্য অগ্রাধিকার পাবে।

(২) নিবন্ধিত হজযাত্রী অসুস্থতার কারণে হজে গমনে অক্ষম হলে সিভিল সার্জনের প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট হজ এজেন্সি ফরম-৩ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট প্রদান করবে এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে হজ নিবন্ধন বাতিলপূর্বক উক্ত শূন্য কোটায় প্রাক-নিবন্ধনের ক্রম অনুসরণ করে হজ পালনে ইচ্ছুক ব্যক্তি প্রতিস্থাপন করতে পারবে।

| |
|---|
| (৩) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ঘোষিত বৈধ হজ এজেন্সি হজ অফিস, ঢাকার সাথে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদনপূর্বক হজ প্যাকেজ (ঘোষণা করত) অনুযায়ী হজযাত্রী নিবন্ধন করতে পারবে। ঘোষিত প্যাকেজে আবশ্যিকভাবে বিভিন্ন খাতের অর্থের বিভাজন এবং হজযাত্রীর প্রদেয় সেবার বিবরণ উল্লেখ করতে হবে। উক্ত চুক্তির কপি হজ অফিস, ঢাকায় জমা দিতে হবে। |
| (৪) হজযাত্রী কর্তৃক নিবন্ধনের সমুদয় অর্থ হজ এজেন্সি হজ কার্যক্রমে পরিচালনায় ব্যবহৃত ব্যাংক হিসাবে জমা হওয়ার পর উক্ত হিসাবের "হিসাব বিবরণী" সংশ্লিষ্ট ব্যাংক পরিচালক, হজ অফিস, ঢাকা বরাবরে প্রেরণ করবেন। |
| (৫) প্রাক-নিবন্ধন এবং নিবন্ধনের সময় গৃহীত অর্থ হজযাত্রীদের বিমান ভাড়া বাবদ পে-অর্ডারে মাধ্যমে পরিশোধ এবং সৌদি আরবে বিভিন্ন সার্ভিস চার্জ খাতে IBAN হিসাবে প্রেরণ ব্যতীত অন্য কোনো খাতে ব্যবহারের জন্য হজ সমাপ্তির পূর্বে এজেন্সিকে প্রদান করা যাবে না। |
| (৬) হজ এজেন্সি নিবন্ধিত হজযাত্রীদের তালিকা স্বাস্থ্য পরীক্ষার জন্য সংশ্লিষ্ট মহানগর/ জেলা পর্যায়ে সিভিল সার্জন / উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার নিকট যথাসময়ে প্রেরণ নিশ্চিত করবে। |
| **নিবন্ধনের অন্যান্য প্রক্রিয়া:** |
| (১) রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক হজ এজেন্সি হজযাত্রী প্রেরণ করতে পারবে। |
| (২) হজ এজেন্সি সৌদি সরকারের সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত সংখ্যক হজযাত্রী প্রেরণ করতে পারবে। |
| (৩) রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মক্কা ও মদিনায় বাড়ি/হোটেল ভাড়া এবং হজযাত্রীদের জন্য ক্যাটারিং কোম্পানীর সাথে খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদন/হজযাত্রীদের খাবারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| (৪) বাড়ি/হোটেল ভাড়া, মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস সার্জ, ক্যাটারিং বাবদ খরচ ও অন্যান্য খরচের অর্থ হজ এজেন্সিকে সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক IBAN হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে। মক্কা ও মদিনার বাড়িভাড়া নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে তা অনুমোদনের জন্য বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরবে অন-লাইনে আবেদন করতে হবে। তাসরিয়া/তাসনিফ ব্যতীত বাড়ি/হোটেলে হজযাত্রীদের রাখা যাবে না। |
| (৫) হজ এজেন্সিকে সৌদি আরবে অবস্থানকালে হজযাত্রীদের দৈনিক ৩ বেলা খাবার সরবরাহ করতে হবে। খাবার সরবরাহ করা না হলে এ বাবদ গৃহীত টাকা হজযাত্রীকে ফেরত দিতে হবে। |
| (৬) হজ এজেন্সিসমূহ, পরিচালক, হজ অফিস, ঢাকা এবং এয়ারলাইন্সসমূহের সাথে আলোচনার মাধ্যমে নিজ নিজ হজযাত্রী প্রেরণের তারিখ চূড়ান্ত করবে। |
| (৭) প্রত্যেক হজ এজেন্সি এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করে হজযাত্রীদের জন্য সৌদি আরব গমনাগমনের টিকিট সংগ্রহ করবে। হজযাত্রীর সংখ্যা অনুসারে বিমান ভাড়ার অর্থ সংশ্লিষ্ট এয়ারলাইন্সকে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করবে। |

| |
|---|
| (৮) **লাগেজ: (১)** ট্রলিব্যাগ দৈর্ঘ্য ৬৫ সেমি, প্রস্থ ৪৫ সেমি এবং উচ্চতা ২৫ সেমি (২) হাত ব্যাগ দৈর্ঘ্য ৪৫ সেমি, প্রস্থ ৩৫ সেমি এবং উচ্চতা ২০ সেমি। ট্রলিব্যাগে হজযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর, বাংলাদেশের মোবাইল নম্বর (whatsapp), মোয়াল্লেম নম্বর, হজ এজেন্সির নাম এবং সৌদি আরবে এজেন্সির প্রতিনিধির মোবাইল নম্বর ইংরেজিতে লিখতে হবে। অন্যথায় লাগেজ হারানো গেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| (৯) হজ প্যাকেজের অর্থ হজযাত্রীগণ হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিবেন। এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রশিদমূলেও হজযাত্রীদের নিকট থেকে অর্থ গ্রহণ করা যাবে। গ্রুপ লিডার বা কোন প্রতিনিধি হজযাত্রীর নিকট হতে অর্থ গ্রহণ করতে পারবে না। |
| (১০) প্রত্যেক এজেন্সি হজ প্যাকেজ, হজযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর, ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর ইত্যাদি তথ্য; হজযাত্রীদের ফ্লাইট সিডিউল, হজ এজেন্সি ও হজযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, হজ অফিস, ঢাকা ও এজেন্সির মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র; মক্কা ও মদিনায় হজযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির মালিকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, বাড়ির ঠিকানা, মোনাজ্জেমের নাম ও তার মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে। উল্লিখিত তথ্যাদির কপি পরিচালক, হজ অফিস, ঢাকায় সরবরাহ করবে। |
| (১১) হজযাত্রীর মোবাইল/ফোন নম্বর না থাকলে সেক্ষেত্রে যোগাযোগ করার জন্য দুইজন নিকট আত্মীয়ের মোবাইল নম্বর আবেদনপত্রে এবং হজ এজেন্সি ও হজযাত্রীর সাথে সম্পাদিত চুক্তিপত্রে উল্লেখ করতে হবে। |
| (১২) হজ এজেন্সি 88 জন (কম/বেশি) হজযাত্রীর জন্য আরবি ভাষায় দক্ষ এবং আইটি জ্ঞান সম্পন্ন একজন হজগাইড নিয়োগ করবে। |
| (১৩) কোন এজেন্সির কোটার কম হজযাত্রী থাকলে বা লাইসেন্স চালাতে অপারগ হলে বা লাইসেন্স বাতিল বা স্থগিত হলে বা শাস্তি প্রাপ্ত হলে বা সৌদি সরকার কর্তৃক অনুমোদিত না হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ঐ এজেন্সির হজযাত্রীদের লিখিত সম্মতিক্রমে অন্য বৈধ হজ এজেন্সিতে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই স্থানান্তর (Transfer) করতে হবে। নিবন্ধনের সমুদয় অর্থ স্থানান্তর গ্রহণকারী এজেন্সির ব্যাংক হিসাবে প্রদান করতে হবে। হজযাত্রী প্রেরণ, সৌদি আরবে হজযাত্রীর প্রাপ্য সেবা প্রদান ও দেশে প্রত্যাগমনসহ সার্বিক দায়িত্ব স্থানান্তর গ্রহণকারী এজেন্সিকে বহন করতে হবে। |
| (১৪) সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের নীতিমালা অনুসারে HAAB এর প্রতিনিধির সমন্বয়ে কাউন্সেলর (হজ), জেদ্দা, মক্কা আল-মোকাররমায় মোট হজযাত্রীর ১% হারে হোটেল/বাড়িতে অতিরিক্ত সিট ভাড়া নিশ্চিত করা হবে। |
| (১৫) মক্কা ও মদিনায় হজযাত্রীর আবাসন চুক্তির বিবরণী এজেন্সি ই-হজ সিস্টেমে আপলোড করতে হবে। |
| (১৬) হজ এজেন্সির মোনাজ্জেম নির্বাচন ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশনা হজ এজেন্সিসমূহ প্রতিপালন করবে। |
| (১৭) সৌদি সরকার ও বাংলাদেশ সরকার এর শর্ত/নির্দেশনাসমূহ হজ এজেন্সি অনুসরণ করতে বাধ্য থাকবে। |

(১৮) হজযাত্রীর ভিসাযুক্ত পাসপোর্টের সাথে বিমানের টিকেটও সংযুক্ত থাকতে হবে এবং প্রত্যেক হজযাত্রীর বাড়ি চিহ্নিত করার লক্ষ্যে বাড়িভিত্তিক লাল/সবুজ/হলুদ/নীল/গোলাপী রঙের স্টিকার লাগাতে হবে।

**১৩। সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমের হজযাত্রীদের জন্য প্রযোজ্য শর্তাবলী ও করণীয়:**

(১) হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ ৩০ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত থাকতে হবে।

(২) শিশুদের নিবন্ধন অভিভাবকের সঙ্গে একত্রে করতে হবে।

(৩) মৃত্যু বা গুরুতর অসুস্থতার কারণে হজে যেতে না পারলে তাঁর জমাকৃত অর্থের অব্যয়িত অংশ ফেরত প্রদান করা হবে।

(৪) বাংলাদেশ ব্যাংকের আর্থিক বিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা সঙ্গে নেয়া যাবে।

(৫) হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা সরকারি হাসপাতালে সম্পন্ন করে মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা প্রদানপূর্বক স্বাস্থ্য পরীক্ষার সনদ গ্রহণ করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর হজযাত্রীদের মেডিকেল প্রোফাইল ইলেক্ট্রনিক পদ্ধতিতে তৈরী এবং Online-এ হালনাগাদ করবে।

(৬) পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গমনের ২ দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজক্যাম্পে আগমন করবেন।

(৭) বিমানে ভ্রমণকালে সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত ওজনের অধিক লাগেজ/মালামাল বহন করা যাবে না।

(৮) নেশাজাতীয় দ্রব্য জর্দ্দা, গুল, চাল-ডাল, শুটকী, গুড়, রান্না করা খাবার, পঁচনশীল দ্রব্যাদি ফলমূল, পান, সুপারি ইত্যাদি কোনক্রমেই সৌদি আরবে নেওয়া যাবে না।

(৯) ডায়াবেটিস, হৃদরোগসহ নিয়মিত সেবন করেন এরূপ ঔষধ প্রেসক্রিপশনসহ অবশ্যই কমপক্ষে ৫০ দিনের ঔষধ ও চিকিৎসা সামগ্রী সঙ্গে নিবেন।

(১০) হজযাত্রীকে প্রদত্ত পিলগ্রিম আইডি কার্ড সৌদি আরবে সার্বক্ষণিক সঙ্গে রাখতে হবে।

(১১) www.hajj.gov.bd হতে এবং ১৬১৩৬ নম্বরে ফোন করে হজ সংক্রান্ত তথ্যাদি জানা যাবে। সৌদি আরবে হজ মিশন হতে নিয়মিত হজ বুলেটিং প্রচার করা হবে।

(১২) সৌদি আরবে বাড়ি/হোটেলের বাহিরে গেলে হজযাত্রীকে পরিচয়পত্র, মোয়াল্লেম কার্ড ও হোটেলের কার্ড সঙ্গে রাখতে হবে।

(১৩) সৌদি আরবে অবস্থানকালে রাজনীতি, বিক্ষোভ প্রদর্শন, মানববন্ধন, ভিক্ষাবৃত্তি, চুরিসহ সকল প্রকার অনৈতিক এবং অপরাধমূলক কাজের জন্য সৌদি সরকারের আইনানুগ ব্যবস্থা প্রযোজ্য হবে।

(১৪) রাজকীয় সৌদি সরকারের নিয়ম অনুযায়ী হজের সফরে মৃত্যুবরণকারী হজযাত্রীকে সৌদি আরবে দাফন করা হবে। হজ শেষে মৃত্যু সনদ হজ অফিস, ঢাকার মাধ্যমে মৃতের ওয়ারিশ/বৈধ প্রতিনিধির নিকট হস্তান্তর করা হবে।

| |
|---|
| (১৫) লাগেজ হারানো গেলে হারানোর তথ্যাদি বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা/মদিনায় অবহিত করবেন। দেশে ফেরার পথে লাগেজ হারানো গেলে এ সংক্রান্ত তথ্যাদি এয়ারপোর্টে “লস্ট এন্ড ফাউন্ড” সেকশনে জানাবেন। |
| (১৬) জেদ্দা ও মদিনা বিমানবন্দর, মক্কা, মদিনা ও মিনায় স্বাস্থ্য সেবা কেন্দ্র স্থাপন করা হবে। হজযাত্রীগণ এসকল সেবা কেন্দ্র থেকে প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে পারবেন। |
| (১৭) **অভিযোগের বিষয়ে** www.hajj.gov.bd হতে অভিযোগ ফরম (ফরম ১১ ও ১২) সংগ্রহ করে হজ অফিস, ঢাকা অথবা বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা/মদিনাস্থ তথ্য সেবা কেন্দ্র হতে ফরম সংগ্রহ করে অভিযোগ দায়ের করা যাবে। অভিযোগের শুনানীতে প্রয়োজনীয় প্রমাণাদি উপস্থাপন করতে হবে। |
| (১৮) প্রাক-নিবন্ধন, নিবন্ধন, ভিসা লজমেন্ট বা হজ ব্যবস্থাপনার কোন পর্যায়ে কোন মিথ্যা তথ্য প্রদান করলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট হজযাত্রী এবং হজ এজেন্সিকে বহন করতে হবে। |
| (১৯) কোন হজযাত্রীকে জেদ্দা বিমানবন্দর হয়ে বাসযোগে মদিনায় প্রেরণ করা যাবে না। মদিনার যাত্রীকে ঢাকা থেকে সরাসরি মদিনাগামী ফ্লাইটে প্রেরণ করতে হবে। |
| (২০) ২০ শাওয়াল ১৪৪৫ হিজরি (২৯ এপ্রিল ২০২৪) সৌদি ই-হজ সিস্টেম হতে হজ ভিসা ইস্যু বন্ধ হয়ে যাবে। |
| (২১) ২৫ জিলক্বদ ১৪৪৫ হিজরির পরে কোন হজযাত্রী মক্কা কিংবা জেদ্দা থেকে সড়ক পথে মদিনায় গমন করতে পারবেন না। ৫ জিলহজের পরে কোন হজযাত্রী মদিনা-আল-মুনাওয়ারায় অবস্থান করতে পারবেন না। |
| (২২) ১৪ জিলহজের পূর্বে কোন হজযাত্রী মক্কা-আল-মোকাররমা থেকে মদিনা-আল-মুনাওয়ারায় গমন করতে পারবেন না। |
| (২৩) কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি প্রযোজ্যক্ষেত্রে অনুরসরণ করতে হবে। |
| ১৪। **বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ও এয়ারলাইন্সসমূহের করণীয়:** |
| (১) এয়ারলাইন্সসমূহ হজযাত্রীর সমসংখ্যক টিকিট সংশ্লিষ্ট হজ এজেন্সির অনুকূলে বরাদ্দ ও ইস্যু করবে। টিকিট বরাদ্দের ফ্লাইটভিত্তিক তথ্য প্রতিদিন এয়ারলাইন্স এর ওয়েবসাইটে এবং ই-হজ সিস্টেমে প্রদর্শন করবে। হজ এজেন্সি ব্যতিত হজযাত্রীদের টিকেট অন্য কোন মাধ্যমে বিক্রয় করা যাবে না। |
| (২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত হজযাত্রীর ফ্লাইটের সময়সূচি/তারিখ পরিবর্তন করা যাবে না। |
| (৩) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং হজযাত্রী পরিবহনকারী এয়ারলাইন্সসমূহ হজ ফ্লাইট সিডিউল এবং ফ্লাইট চলাচল সংক্রান্ত তথ্য Passenger Name Record (PNR) তাৎক্ষণিকভাবে ই-হজ সিস্টেমে আপলোড করবে। |

| | |
|---|---|
| (৪) | এয়ারলাইন্সসমূহ হজযাত্রীর টিকিট ইস্যুর সঙ্গে সঙ্গে PNR ও ফ্লাইট নম্বর দিয়ে SMS প্রদান করবে। |
| (৫) | এয়ারলাইন্সসমূহ লাগেজ হোটেলে পৌঁছানো নিশ্চিতকরণে হজযাত্রীর সাথে একই ফ্লাইটে লাগেজ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে। |
| (৬) | দেশে ফেরার সময় হজযাত্রীর লাগেজ হারানো গেলে হারানো লাগেজ উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| (৭) | প্রত্যেক হজযাত্রী ৫ লিটারের ১বোতল জমজম পানি পাবেন। বাংলাদেশের এয়ারপোর্ট হতে পানি সরবরাহ করা হবে। |

**১৫। ব্যয় সমন্বয়:**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ প্যাকেজে উল্লিখিত খাত ভিত্তিক ব্যয় প্রয়োজনে সমন্বয় করতে পারবে।

**শব্দের পূর্ণরূপ:**

RTGS = Real-Time Gross Settlement

HAAB = Hajj Agencies Association of Bangladesh

IBAN = International Bank Account Number

*"নির্ধারিত ব্যাংক হিসাব" অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত হজ এজেন্সির ব্যাংক হিসাব।

**মুঃ আঃ হামিদ জমাদ্দার**
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd